



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

দুরালাপনীঃ ০২৪৭৭-৭২২৬১৮
E-mail: azamkhancollege@yahoo.com
azamkhancollege@gmail.com

আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা
web site :akcc.gov.bd

তারখ: ১৮/০৩/২০২৫ খ্রি.

২০২২-২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির বিজ্ঞপ্তি

ভর্তির প্রাথমিক আবেদন ফরম [.nu.ac.bd/admissions](http://nu.ac.bd/admissions) ওয়েবসাইটে পাওয়া যাবে।

- ভর্তির বিষয়: হিসাববজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং।
- প্রাথমিক আবেদনের ফিস: ৩০০ (তিন শত) টাকা।
- অনলাইনে ভর্তি ফরম পূরণ ও এর প্রিন্ট কপি সংগ্রহ : ১৮/০৩/২০২৫ থেকে ১০/০৪/২০২৫ খ্রি. রাত ১২ টা পর্যন্ত।
- প্রাথমিক আবেদন ফি অনলাইনে eShiksa এর মাধ্যমে জমা : ১৯/০৩/২০২৫ থেকে ১৩/০৪/২০২৫ তারিখ পর্যন্ত।
- আবেদন ফরম কলেজ অফিসে জমা দেওয়ার তারিখ : ১৯/০৩/২০২৫ থেকে ১৩/০৪/২০২৫ তারিখ পর্যন্ত।
- আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা এর ভর্তির ওয়েব সাইট (<https://www.akcc.eshiksabd.com>) গিয়ে User Name: akcstudent ও Password: akcstudent দিয়ে Login করার পর টাকা দেওয়ার পদ্ধতি নিম্নরূপ:

আযম খান সরকারি কমার্স কলেজে মাস্টার্স ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ভর্তির প্রাথমিক আবেদন ফি এর টাকা দেওয়ার পদ্ধতি

Education Management System

Logout

Academic Result Attendance Admission Admit Card

Receipts Print Profile Application Form Reprint Improvement Form Fillup

Apply for Application Form

Apply for Application Form

Application form request received. Please pay TK. 300.00

Select application group Admission Masters

NU Application ID* 7 digits only

Student Name* Student Name

Mobile Number* 11 digits only

Submit

খ) বিকাশ/নগদ/রকেট এর মাধ্যমে কলেজের মোট ৩০০/-টাকা (তিনশত) পরিশোধের পর Payment Slip প্রিন্ট করতে হবে। টাকা পরিশোধের জন্য শিক্ষার্থীদের রোল নম্বরের স্থানে অবশ্যই প্রাথমিক আবেদনপত্রের রোল নম্বর লিখতে হবে।

আবেদন করার প্রক্রিয়া:

- আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েব সাইটের Masters Tab এ গিয়ে Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে আবেদনকারীর স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও ১ম পর্ব মাস্টার্স/ প্রিলিমিনারি টু মাস্টার্স পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর ও ইমেইল এ্যাড্রেস সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। প্রয়োজনীয় অন্যান্য তথ্য সঠিকভাবে পূরণ করে ফরমটি ডাউনলোড করে প্রিন্ট করতে হবে।
- প্রিন্ট করা আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। আবেদন ফরমটির কলেজের অংশের সাথে স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) ও প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষা পাসের প্রশংসাপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অংশীকারনামার কপি এবং পেমেন্ট স্লিপের কপি কলেজ অফিসে জমা দিতে হবে।
- ১৩/০৪/২০২৫ খ্রি.তারিখের পরে কোন ফরম গ্রহণ করা হবে না।

আবেদনের যোগ্যতা ও শর্তাবলী

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

তবে এক বছর মেয়াদী প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট)/১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।

গ) এখানে উল্লেখ্য যে, উপরিউক্ত শর্তপূরণ সাপেক্ষে স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা অন্য যে কোন প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না। এ লক্ষ্যে “জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো”- মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি/রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ঙ) প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

প্রতিষ্ঠান
অধ্যক্ষ
আযম খান সরকারি কমান্স কলেজ
পতন
বকসম মোঃ লুৎফুল রহমান প্রধান
ফোন নং- ৫১৫১
D:\Office\Admin\শর্তাবলী 20-21\N-M.Doc
আযম খান সরকারি কমান্স কলেজ, কুসুতা

আহবায়ক
মাস্টার্স শেষ পর্ব ভর্তি কমিটি ২০২২-২৩